দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 4 .. 1999

পৃষ্ঠা 2 কলাম ৬

52

## সলিমুল্লাহ মেডিকেল কলেজের প্রথমবর্ষ ছাত্রছাত্রীদের ক্লাসে যোগদান প্রসঙ্গে

**তথ্য বিবরণী :** স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের ১৯৯৭-৯৮ সেশনের ১ম বর্ষের ছাত্রছাত্রীগণ কলেজে চলমান পরীক্ষা উপেক্ষা করে ও কলেজ কর্তৃপক্ষের বিনানুমতিতে নিজেরাই গত ২১ ডিসেম্বর হতে অটোভেকেশন ঘোষণা দিয়ে কলেজ ক্যাম্পাস ত্যাগ করছে। এ প্রেক্ষিতে গত ৩১ ডিসেম্বর কলেজের এক জরুরী বর্ধিত একাডেমিক কাউন্সিলের সভার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত অনুযায়ী উক্ত প্রথমবর্ষের সকল ছাত্রছাত্রীকে আগামী ৫ জানুয়ারীর মধ্যে ক্লাসে যোগদান করার নির্দেশ দেয়া হয়েছে। যারা ৬ থেকে ৭ জানুয়ারী তারিখে যোগ দেবে তাদের ২০০ টাকা জরিমানা করা হয়েছে। যারা ৭ জানুয়ারীর মধ্যে ক্লাসে যোগ দেবে না তাদের প্রথমবর্ষের ভর্তি অত্র কলেজ হতে বাতিল করা হবে।

উল্লেখ্য, পূর্ব ঘোষিত এনাটমি বিভাগের পরীক্ষা অপরিবর্তিত থাকবে।